



Reg. No.Dha-0462

# বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখ: ২৯ জানুয়ারি ২০২৩

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে।

বিষয়: ঢাকার এক ব্যবসায়ী কর্তৃক ঈশ্বরগঞ্জের রাজীবপুর ইউনিয়নের মাছুয়াডাঙ্গা গ্রামের বাসিন্দা ১২ বছরের কন্যাশিশু গৃহপরিচারিকাকে নৃশংস ও বর্বরভাবে নির্যাতন করে হত্যার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে জড়িতদের শনাক্তকরণপূর্বক দ্রুত গ্রেফতার, সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ২৯ জানুয়ারি ২০২৩ তারিখ বিভিন্ন পত্রিকার প্রকাশিত সংবাদ মাধ্যমে জানা যায় যে- ঢাকার এক ব্যবসায়ী কর্তৃক ঈশ্বরগঞ্জের রাজীবপুর ইউনিয়নের মাছুয়াডাঙ্গা গ্রামের বাসিন্দা ১২ বছরের এক শিশু গৃহপরিচারিকাকে নৃশংস ও বর্বরভাবে মারধর করে হত্যার ঘটনা ঘটেছে। জানা যায়, ঢাকার মিরপুর ১০ নম্বরে বসবাসকারী এক ব্যবসায়ীর বাসায় গৃহপরিচারিকার কাজ করছিল ময়মনসিংহের ঈশ্বরগঞ্জের এই কন্যাশিশু। দিনমজুর বাবা কিংবা মায়ের সঙ্গে দেখা না করার শর্তে প্রতি মাসে শিশুর সং মায়ের কাছে দুই হাজার করে টাকা পাঠাতেন ওই ব্যবসায়ী। তবে গত পাঁচ দিন আগে তার বাবার কাছে তিন হাজার টাকা পাঠিয়ে বলা হয় দ্রুত ঢাকায় যেতে। পরদিন ঢাকায় গেলে দিনমজুর মো. মুর্শেদ আলী জানতে পারেন একটি ক্লিনিকে ভর্তি আছে তার মেয়ে। ক্লিনিকে গিয়ে দেখতে পান, মেয়ের শরীরে অনেক যন্ত্রপাতি লাগানো এবং বুক থেকে তলপেট পর্যন্ত ব্যাণ্ডেজ করা। তারপর বাড়িওয়ালাসহ বেশ কিছু লোক গত মঙ্গলবার অস্ত্র দিয়ে ভয়-ভীতি দেখিয়ে কিছু কাগজে সই নিয়ে কন্যাশিশুটিকে একটি অ্যাম্বুল্যান্সে গ্রামের বাড়িতে পাঠানোর ব্যবস্থা করে। কিন্তু মেয়ের অবস্থার অবনতি হলে পরদিন সকালে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করানো হলে গত শুক্রবার দুপুরে মেয়েটির মৃত্যু হয়।

সংঘটিত এসব ঘটনা নারী ও কন্যার স্বাভাবিক জীবনযাপন ও তাদের নিরাপত্তা পরিস্থিতিকে নাজুক করে তুলেছে এবং দেশের আইন শৃঙ্খলা পরিস্থিতিকে প্রশ্নবিদ্ধ করেছে। দিনদিন নারী ও কন্যা শিশুরা বর্বর ও নৃশংসভাবে পরিবারের সদস্যদের দ্বারা পারিবারিক সহিংসতার শিকার হচ্ছে। অন্যদিকে বিচারের ক্ষেত্রে বিচারপ্রার্থী নারী ও কন্যার সুরক্ষা পাচ্ছে না। বাংলাদেশ মহিলা পরিষদ সারাদেশে সংঘটিত নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ব্যক্তি ও নাগরিক সমাজকে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে। এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও সংশ্লিষ্ট প্রশাসনের নিকট অনুরোধ জানাচ্ছে।

বাংলাদেশ মহিলা পরিষদ গৃহপরিচারিকাকে নৃশংসভাবে মারধর করে হত্যার ঘটনায় জড়িতদের দ্রুত গ্রেফতার, তাদের বিরুদ্ধে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তির জোর দাবি জানাচ্ছে। সেই সাথে এ ধরনের ঘটনা পুনরাবৃত্তিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রশাসনের নিকট অনুরোধ জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফওজিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ